



“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং-০৫.৪৩.৮১৫৩.০০০.০৪.০১৩.২১- ২৬৮ (৫০)

তারিখ- ০৪ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
১৮ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

মোহনপুর উপজেলার আওতাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদসমূহে মহল্লাদার (গ্রাম পুলিশ) এর জন্য পদে অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের উদ্দেশ্যে সংশ্লিষ্ট ইউনিয়নের/ ওয়ার্ডের প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম	পদ সংখ্যা	ওয়ার্ড নং	ইউনিয়নের নাম	বেতন- ভাতাদি	নিয়োগ পদ্ধতি	শিক্ষাগত যোগ্যতা
১	২	৩	৪	৫	৬	৭	৮
০১	মহল্লাদার (গ্রাম পুলিশ)	০১	০২	০১ নং- ধুরইল ইউনিয়ন পরিষদ, মোহনপুর, রাজশাহী	সরকারী বিধি মোতাবেক বেতন- ভাতাদি প্রদান করা হবে।	সরাসরি	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

শর্তাবলী :

- প্রার্থীকে উপজেলা নির্বাহী অফিসার, মোহনপুর, রাজশাহী বরাবর আবেদন আগামী ১২/০৪/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন (ছুটির দিন ব্যতিত) ডাকযোগে প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদনপত্র অত্রাফিসে গ্রহণ করা হবে না।
- পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, সর্বনিম্ন বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) ও সর্বনিম্ন ওজন ৫০ কেজি হতে হবে এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ও সর্বনিম্ন বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি হতে হবে।
- মুক্তিযোদ্ধা কোটাধারীর ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক প্রমাণক প্রয়োজনীয় সনদ, গেজেট ও অন্যান্য তথ্যাদি সম্বলিত কাগজ দাখিল করতে হবে।
- প্রার্থীকে রাষ্ট্রায়ত্ত্ব বাংকের মোহনপুর উপজেলার যে কোন শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, মোহনপুর, রাজশাহী বরাবরে ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- প্রার্থীকে স্বাস্থ্য পরীক্ষায় ডাক্তারী সনদ এবং পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে নিয়োগপত্র প্রদান করা হবে।
- আবেদনপত্রে (সংযুক্ত নমুনা মোতাবেক) প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্বামীর নাম, জন্ম তারিখসহ বয়স (জন্ম সনদ দাখিল করতে হবে), ঠিকানা (স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা), পাসপোর্ট নম্বর (যদি থাকে), শারীরিক যোগ্যতার পরিমাপ, প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি, ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি এবং সদা তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি (সত্যায়িত) সংযুক্ত করতে হবে। উল্লেখ্য সকল সংযুক্তি কাগজপত্রে প্রথম গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি দাখিল করতে হবে।
- (ক) শিক্ষাগত যোগ্যতার বিবরণ নিম্নবর্ণিত ছকে প্রদান করতে হবে।

প্রার্থীর নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	বোর্ডের নাম (প্রযোজ্য ক্ষেত্রে)	প্রাপ্ত বিভাগ/জিপিএ	পাশের সন
---------------	-------------------------	---------------------------------	---------------------	----------

- মহল্লাদার এর শূণ্য পদে লোক নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধিমালায় বর্ণিত যোগ্যতার উপর্যুক্ত বিবেচিত হলে মৃত অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।
- আবেদনে চাহিত সকল তথ্য দিতে হবে, অন্যথা আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীর বয়সসীমা ১২/০৪/২০২১ খ্রিঃ তারিখে ৩০ (ত্রিশ) বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সরকারী বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- বিলম্বে প্রাপ্ত দরখাস্ত এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মোহনপুর, রাজশাহী
<http://mohonpur.rajshahi.gov.bd>

স্মারক নং-০৫.৪৩.৮১৫৩.০০০.০৪.০১৩.২১- ২৬৮ (৫০)

তারিখ- ০৪ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
১৮মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, রাজশাহী
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনপুর, রাজশাহী
- ০৩। উপজেলা অফিসার, মোহনপুর, রাজশাহী
- ০৪। অফিসার ইনচার্জ, মোহনপুর থানা, মোহনপুর, রাজশাহী।
- ০৫। চেয়ারম্যান, ধুরইল ইউনিয়ন পরিষদ, মোহনপুর, রাজশাহী। বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। জনাব
-
- ০৭। অফিস কপি।


(মোঃ সানওয়ার হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
মোহনপুর, রাজশাহী
ফোন-০৭২২৬৫৬০০২
ই-মেইল-unomohonpur@mopa.gov.bd